গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
নেজারত শাখা
www.khulna.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৪.৪৭০০.০০৮.১৮.০৫২.২১- ৬৪ তারিখ: ২৭ পৌষ ১৪২৭ / ১১ জানুয়ারি ২০২১

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ০৫ নভেম্বর ২০২০ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৩২.১৬-২২২ এবং ০৬ জানুয়ারি ২০২১ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৩২.১৬-১৪ নম্বর স্মারকপত্রে খুলনা জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সাধারণ প্রশাসন) ও খুলনা সার্কিট হাউজের নিম্নবর্ণিত রাজস্ব খাতভুক্ত পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী খুলনা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে Online এ দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রম | দপ্তরের নাম | পদের নাম | গ্রেড ও বেতন ক্রম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা ও অধীনস্থ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ | অফিস সহায়ক | গ্রেড-২০ ৮২৫০-২০,০১০/- | ০৯ (নয়) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| | | নিরাপত্তা প্রহরী | গ্রেড-২০ ৮২৫০-২০,০১০/- | ০৬ (ছয়) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| | | পরিচ্ছন্নতাকর্মী | গ্রেড-২০ ৮২৫০-২০,০১০/- | ০৪ (চার) টি | কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ২ | জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা এর অধীনস্থ সার্কিট হাউজ | বেয়ারার | গ্রেড-২০ ৮২৫০-২০,০১০/- | ০২ (দুই) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| | | সহকারী বাবুর্চি | গ্রেড-২০ ৮২৫০-২০,০১০/- | ০১ (এক) টি | কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br><br>এবং রান্নার কাজে অন্যূন ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |

শর্তাবলীঃ

১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও খুলনা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। প্রার্থীর বয়স-২৫/০১/২০২১ তারিখে অবশ্যই ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।

৩। বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর পর্যন্ত।

৪। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবেনা।

৫। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন/ বিয়োজন/ পরিবর্তন/ পরিবর্ধন এবং পদ সংখ্যা হ্রাস/ বৃদ্ধি করতে পারবেন।

৬। কর্তৃপক্ষ সরকারি বিধি বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমন কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৭। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থান ও তারিখে প্রার্থীদের নির্বাচনী/ লিখিত, মৌখিক বা প্রাসঙ্গিক টেকনিক্যাল পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৮। প্রার্থীদের লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবেনা।

৯। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/ শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dckhulna.teletalk.com.bd ওয়েব সাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

I. Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৪/০১/২০২১ খি. তারিখ সকাল ১০.০০ টা

II. Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৮/০১/২০২১ খি: রাত ১২.০০ টা

III. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদন জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র জমাদান করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. এসএমএস প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Applicaion Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit হলে কম্পিউটারে ছবিসহ Applicaion preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেনদপত্র Submit হলে প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী রঙিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ৫০.০০ (পঞ্চাশ) টাকা ও teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬.০০ (ছয়) টাকা মোট ৫৬.০০ (ছাপ্পান্ন) টাকা পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবেনা।

প্রথম SMS:Khulna <Space> User ID লিখে send করতে হবে 16222 নম্বরে

Example: dckhulna ABCDEF send to 16222.

Reply:Applicant's NameTk 56/- Will be charged Application Fee, Your PIN 12345678. To pay fee Type dckhulna<Space>YES<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: dckhulna<Space>YES<Space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে

Example: dckhulna YES 12345678 send to 16222

Reply: Congratulation Applicant's Name payment completed successfully for DCKHULNA Application <post name> User ID is (ABCDEF) and Password (******).

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস-এ Password পাবেন।

চ. SMS-এ প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

ছ. Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে। SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dckhulna.teletalk.com.bd অথবা জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা www.khulna.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।

শুধু teletalk Pre-paid মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

I. User ID জানা থাকলে dckhulna <Space> Help<Space> User <Space> User ID send to 16222
Example : dckhulna Help User ABCDEF & send to 16222
II. PIN জানা থাকলে: dckhulna <Space> Help<Space> PIN <Space> PIN NO & send to 16222
Example : dckhulna Help PIN 12345678 & send to 16222

ঝ. **Online** এ আবেদন করতে কোন সমস্যা হলে, যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন এ ছাড়াও vas.query@teletalk .com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে।

১১। প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমানিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নম্বর ক-চ) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদসহ।

খ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ ও অন্যান্য সনদ।

গ) কোটাধারীদের দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ অথবা প্রমাণপত্র।

ঘ) **Online** এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy।

ঙ) সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূল কপি।

চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নামযুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্রের মূল কপি।

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

বি:দ্র- জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ অনুযায়ী অফিস সহায়ক/ নিরাপত্তা প্রহরী/ বেয়ারার পদে আবেদনের ক্ষেত্রে কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ইত:পূর্বে এ দপ্তরের ১৪ জুন ২০২০ তারিখের ০৫.৪৪.৪৭০০.০০৮..২৬.০৫২.২০-৫৬৬ সংখ্যক নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী অফিস সহায়ক/ নিরাপত্তা প্রহরী/ বেয়ারার পদে আবেদন করেছেন তাদের আবশ্যিকভাবে কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণের সনদ দাখিল করতে হবে। অন্যথায় পূর্বের দাখিলকৃত আবেদন বিবেচনা করা সম্ভব হবে না। পূর্বে ডাকযোগে আবেদনকৃত প্রার্থীদের মধ্যে উপযুক্ত প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে প্রেরিত নির্দেশনা মোতাবেক **Admit card download** করা যাবে।

১১/০৪/২০২১
মোহাম্মদ হেলাল হোসেন পিএএ
জেলা প্রশাসক
খুলনা
ফোনঃ ০২-৪৭৭৭২১১১১ (অফিস)
ফ্যাক্সঃ ০২-৪৭৭৭২৬৫৯২ (অফিস)
e -mail:dckhulna@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৪.৪৭০০.০০৮.১৮.০৫২.২১- ৩৪

তারিখ: ২৭ পৌষ ১৪২৭ / ১১ জানুয়ারি ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাক।

২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার........................................................ (সকল)।

৫। জেলা প্রশাসক..........................................................(সকল)।

অনুলিপি জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্যঃ

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন/জেলা পরিষদ, খুলনা।

২। পুলিশ সুপার, খুলনা।

৩। সিভিল সার্জন, খুলনা।

৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) /(সার্বিক)/(শিক্ষা ও আইসিটি)বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (এলএ), খুলনা।

৫। উপজেলা চেয়ারম্যন, ডুমুরিয়া/বটিয়াঘাটা/দাকোপ/কয়রা/পাইকগাছা/রূপসা/তেরখাদা/ফুলতলা/দিঘলিয়া, খুলনা।

৬। উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া/বটিয়াঘাটা/দাকোপ/কয়রা/পাইকগাছা/রূপসা/তেরখাদা/ফুলতলা/দিঘলিয়া, খুলনা।

৭। সহকারী কমিশনার (ভূমি), খুলনা সদর/বটিয়াঘাটা/ ডুমুরিয়া//দাকোপ/কয়রা/পাইকগাছা/রূপসা/তেরখাদা/ফুলতলা/দিঘলিয়া, খুলনা।

৮। সহকারী কমিশনার, আইসিটি সেল, জেলা প্রশাসকের কার্যালয়,খুলনা (উপরিউক্ত বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।

৯। উপপরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, খুলনা।

১০। সম্পাদক, ....................................................ঢাকা। তাকে বিজ্ঞপ্তিটি ০১ (এক) দিনের জন্য ভিতরের পাতায় প্রযোজ্য কলাম ও ইঞ্চিতে প্রকাশ করে পত্রিকার ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১১। সম্পাদক, ................................., খুলনা। বিজ্ঞপ্তিটি ..................................০১ (এক) দিনের জন্য ভিতরের পাতায় প্রযোজ্য কলাম ও সাইজে প্রকাশ করে পত্রিকার ০৫(পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১২। নোটিশ বোর্ড।

মোহাম্মদ হেলাল হোসেন পিএএ
জেলা প্রশাসক
খুলনা
ফোনঃ ০২৪৭৭-৭২১১১১ (অফিস)
ফ্যাক্সঃ ০২৪৭৭-৭২৫৬৯২ (অফিস)
e -mail:dckhulna@mopa.gov.bd